

জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা।

www.janatabank-bd.com

ফরেন ট্রেড ডিপার্টমেন্ট-ইম্পোর্ট

ফোনঃ ২২৩৩৮১২৬৬, ৫৫১১০০০২, ৫৫১১০০০৪

এফডি সার্কুলার লেটার নং- ৩৫২

তারিখঃ ২৫.০১.২০২২ইং


সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়ঃ বৈধভাবে নবায়নকৃত (হালনাগাদকৃত) আইআরসি ব্যতিরেকে ঋণপত্র স্থাপন প্রসংগে।

জনাব,

শিরোনামীয় বিষয়ে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক জারীকৃত এফই সার্কুলার পত্র নং-০৩ তারিখঃ ১৮ জানুয়ারী, ২০২২ এর মাধ্যমে এলসিএ ফরম গ্রহণ করার সময় এবং ঋণপত্র স্থাপনের পূর্বে বৈধ ও হালনাগাদকৃত আইআরসি সনদপত্র গ্রহণ নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত সার্কুলার পত্রে আরও উল্লেখ রয়েছে যে, বৈধ ও হালনাগাদ আমদানি নিবন্ধন সনদপত্র (আইআরসি) ব্যতিরেকে ঋণপত্র খোলার কারণে পণ্যচালান খালাস করতে গিয়ে রেয়াতি সুবিধা প্রদানে জটিলতা সৃষ্টি হচ্ছে। হালনাগাদ শিল্পভোক্তা আইআরসি প্রদর্শনে ব্যর্থ হয়ে রেয়াতি সুবিধা হতে বঞ্চিত হওয়া এবং পণ্যচালান খালাস বিলম্বিত হওয়ায় শিল্প প্রতিষ্ঠানসমূহ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে, যা সামগ্রিক বিনিয়োগকে বাধাগ্রস্ত করছে (পরিশিষ্ট-‘ক’)।

এমতাবস্থায়, এলসিএ ফরম গ্রহণ করার সময় এবং ঋণপত্র স্থাপনের পূর্বে বৈধ ও হালনাগাদকৃত আইআরসি সনদপত্র গ্রহণ নিশ্চিত করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হ'ল।



(শিখা বিশ্বাস)
উপ-মহাব্যবস্থাপক



(আবুল বাসার মোঃ আব্দুল হান্নান)
মহাব্যবস্থাপক

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-০৩

তারিখ : ০৪ মাঘ ১৪২৮

১৮ জানুয়ারি ২০২২

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,


বৈধভাবে নবায়নকৃত (হালনাগাদকৃত) আইআরসি ব্যতিরেকে ঋণপত্র স্থাপন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ এর অনুচ্ছেদ-৮ উপ-অনুচ্ছেদ-(১৬) দফা-(ক) উপদফা-(আ) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন বাণিজ্যিক ব্যাংক বৈধ ও হালনাগাদ আমদানি নিবন্ধন সনদপত্র (আইআরসি) ব্যতিরেকে ঋণপত্র খোলার কারণে পণ্যচালান খালাস করতে গিয়ে রেয়াতি সুবিধা প্রদানে জটিলতা সৃষ্টি হচ্ছে। হালনাগাদ শিল্পভোক্তা আইআরসি প্রদর্শনে ব্যর্থ হয়ে রেয়াতি সুবিধা হতে বঞ্চিত হওয়া এবং পণ্যচালান খালাস বিলম্বিত হওয়ায় শিল্প প্রতিষ্ঠানসমূহ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে, যা সামগ্রিক বিনিয়োগকে বাধাগ্রস্ত করছে।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে, এলসিএ ফরম গ্রহণ করার সময় এবং ঋণপত্র স্থাপনের পূর্বে বৈধ ও হালনাগাদকৃত আইআরসি সনদপত্র গ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(কাজী রফিকুল হাসান)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১২৩